



## ওয়াশিংটনের সঙ্গে ফের সামরিক যুদ্ধের সম্ভাবনা: ইরান



সংগৃহীত ছবি

ইরান জানিয়েছে, যুক্তরাষ্ট্রের সঙ্গে আবারও বড় ধরনের সামরিক উত্তেজনা তৈরি হতে পারে। দেশটির দাবি, ওয়াশিংটনের সঙ্গে কোনো ধরনের চুক্তি হলেও তা তারা বাস্তবায়ন বা প্রতিশ্রুতি রক্ষা করবে না। এই মন্তব্য করেছেন ইরানের সেন্ট্রাল কমান্ড খতম আল-আনবিয়ার জ্যেষ্ঠ কর্মকর্তা জাফার আসাদি।  
রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ফার্সকে দেওয়া বক্তব্যে তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন করে সংঘাতের ঝুঁকি রয়েছে। তাদের কাছে থাকা তথ্যমতে, আমেরিকার সঙ্গে কোনো সমঝোতা হলেও সেটি দীর্ঘস্থায়ী হবে না এবং তারা তা ভঙ্গ করবে।

এদিকে সম্প্রতি ইরান যুক্তরাষ্ট্রের কাছে একটি সংশোধিত প্রস্তাব পাঠায়। তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ওই প্রস্তাবকে প্রত্যাখ্যান করে অসন্তোষ প্রকাশ করেন এবং ইরানের সমালোচনা করেন। এর পরপরই নতুন করে উত্তেজনা বাড়ার আশঙ্কার কথা সামনে আসে।  
অন্যদিকে সম্ভাব্য সংঘাতের পরিস্থিতিতে মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন নৌবহরকে লক্ষ্য করার পরিকল্পনার কথাও ইঙ্গিত দিয়েছে ইরান। এ ক্ষেত্রে অপ্রচলিত কিছু কৌশল ও প্রযুক্তি ব্যবহারের কথা বলা হচ্ছে, যার মধ্যে প্রশিক্ষিত প্রাণী ব্যবহার সংক্রান্ত পুরনো কর্মসূচির কথাও উঠে এসেছে বলে দাবি করা হয়।  
সেই সঙ্গে হরমুজ প্রণালিতে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত করার মতো পদক্ষেপ নিয়েও চিন্তা করা হতে পারে বলে ইঙ্গিত দিয়েছে তেহরান। সব মিলিয়ে দুই দেশের মধ্যে উত্তেজনা আবারও নতুন পর্যায়ে পৌঁছাতে পারে বলে ধারণা করা হচ্ছে।